

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৮৩৭

খোয়াই, ২ জানুয়ারি, ২০২৪

বিকশিত ভারত সংকল্প যাত্রা
পদ্মবিল ব্লকভিত্তিক বিকাশ শিবির

বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে সম্প্রতি পদ্মবিল ব্লকভিত্তিক বিকাশ শিবির অনুষ্ঠিত হয়। ব্লক কার্যালয় প্রাঙ্গনে অনুষ্ঠিত এই শিবিরের উদ্বোধন করেন খোয়াই জিলা পরিষদের সভাধীপতি জয়দেব দেববর্মা। শিবিরে উপস্থিত ছিলেন বিধায়ক রঞ্জিত দেববর্মা, পদ্মবিল ব্লক উপদেষ্টা কমিটির চেয়ারম্যান প্রশান্ত দেববর্মা ও ভাইস চেয়ারম্যান সনজিৎ দেববর্মা, ব্লক আধিকারিক স্বরূপা রিয়াৎ ও বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ।

শিবিরে মহাকুমা শাসক কার্যালয়ের পক্ষ থেকে ২৯টি এসটি, ২২টি ইনকাম, ১টি পিআরটিসি এবং ১০টি ম্যারেজ সার্টিফিকেটের জন্য আবেদনপত্র জমা নেওয়া হয়। এছাড়া উপস্থিত অতিথিরা ৯ জন সুবিধাভোগীর হাতে পিআরটিসি সার্টিফিকেট তুলে দেন। এছাড়া ত্রিপুরা গ্রামীণ জিবীকা মিশনে ৫টি স্বসহায়ক দলকে ২১ লক্ষ ৫০ হাজার টাকা খণ্ডের চেক তুলে দেওয়া হয়। সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের পক্ষ থেকে ৩ জন গর্ভবতী মহিলাকে মুখ্যমন্ত্রী মাতৃপুষ্টি যোজনায় পুষ্টি কিট প্রদান করা হয়। শিবিরে মৎস্য দপ্তরের পক্ষ থেকে ৪ জন সুবিধাভোগীকে আইস বক্স এবং ১৬ জনকে মাছ ধরার জাল দেওয়া হয়। ত্রিপুরা গ্রামীণ ব্যাঙ্কের পক্ষ থেকে ২ জন সুবিধাভোগীকে মোট ১ লক্ষ টাকার মুদ্রা লোন প্রদান করা হয়। ব্লকের ১৬ জন সুবিধাভোগীকে প্রধানমন্ত্রী আবাস যোজনায় (গ্রামীণ) নির্দিষ্ট সময়ে গৃহ নির্মাণ সম্পন্ন করার জন্য শংসাপত্র ও কস্তুর তুলে দেওয়া হয়। শ্রম দপ্তরের পক্ষ থেকে নির্মাণ শ্রমিক কল্যাণ প্রকল্পে ৭টি আবেদনপত্র জমা নেওয়া হয়। কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের পক্ষ থেকে শিবিরে ২ জন সুবিধাভোগীকে কেসিসি লোন প্রদান করা হয় এবং ১ জনের কাছ থেকে কেসিসি লোনের জন্য আবেদনপত্র জমা নেওয়া হয়। তাছাড়া ব্লকের ৩ জন সফল কৃষকের হাতে সম্মাননা ও শংসাপত্র তুলে দেওয়া হয়।

শিবিরে বন দপ্তরের পক্ষ থেকে ৯৩ জনকে বিভিন্ন প্রজাতির গাছের চারা প্রদান করা হয়। প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের পক্ষ থেকে ২৫ জন সুবিধাভোগীকে ১০টি করে মোরগ প্রদান করা হয়। এছাড়া ২৭টি পরিবারের ৪৯৬টি গবাদি পশু পাখির জন্য ঔষধ প্রদান করা হয়। স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে ৬০ জনের স্বাস্থ্য পরিষ্কা করে ঔষধ দেওয়া হয়। খোয়াই কৃষি বিজ্ঞান কেন্দ্রের উদ্যোগে ড্রোন টেকনোলজির মাধ্যমে ঔষধ কৃষি কাজে কিভাবে প্রদান করতে হয় তা দেখানো হয়। আয়োজিত অনুষ্ঠানে বিকশিত ভারত সংকল্প যাত্রার ভাগ্যমান প্রচার ভ্যানটিকে স্বাগত জানানো হয়। এছাড়া বিকশিত ভারত গড়ার জন্য সকলকে শপথ বাক্য পাঠ করানো হয়।
